দৈনিক সংবাদ

তারিখ ... 06 JUN 1989 ...
পৃষ্ঠা ... 4 কলাম 3 ...

ডকুমেন্টেশন কেন্দ্র

105

৩৪

## হাজী দানেশ কৃষি কলেজের অবস্থা

গত বৎসর ১১-১১-৮৮ ইং তারিখে দেশের উত্তরাঞ্চলের দিনাজপুরে মহামান্য রাষ্ট্রপতি হুসেইন মোহাম্মদ এরশাদ 'হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজ'-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অন্য দুইটি কৃষি কলেজের ন্যায় এই কলেজকেও বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান (বারি) এর উপর ন্যস্ত করা হয়। এই কলেজের বি,এস-সি কৃষি (সম্মান) শ্রেণীর ১ম পর্বে মোট ৬০ জন ছাত্র/ছাত্রী অধ্যয়নরত। নুতন কলেজ হিসেবে রয়েছে হাজারো সমস্যা। মাত্র ১০ জন প্রভাষক/ প্রভাষিকা নিয়ে গত ১২-১১-৮৮ ইং তারিখে যথারীতি ক্লাস শুরু হয়। যেহেতু এটা একটা টেকনিক্যাল কলেজ, কাজেই প্রাকটিক্যাল ক্লাসের গুরুত্ব এখানে অসীম। অথচ ক্লাস শুরু হওয়ার ৬/৭ মাস পরও প্রাকটিক্যাল ক্লাসের অভাবে থিওরিটিক্যালে যা পড়ছি তাও ভুলতে বসেছি। কলেজ গ্রন্থাগারে পর্যাপ্ত পরিমাণ বইয়ের অভাবে পড়াশুনা ভীষণভাবে বিঘ্নিত হচ্ছে। লাইব্রেরীয়ান না থাকায় একজন প্রভাষিকাকে লাইব্রেরীয়ানের দায়িত্ব পালন করতে হচ্ছে। এমন কি Ist year পার হতে চলল অথচ organic chemistry-র কোন প্রভাষকই নিয়োগ করা হল না। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রশ্ন, উচ্চশিক্ষার নামে এ প্রহসন আর কত দিন? শহর থেকে কলেজ ১০ কি: মি: দূরে হওয়ায় শহরে যাওয়া/আসা আর এক মহা সমস্যা। কলেজের সামনে স্পীড ব্রেকার না থাকায় কোন মিনিবাসই থামতে চায় না। ফলে ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করতে হয় লোকাল বাসের জন্য। কলেজে ডাকঘরের কোন ব্যবস্থা না থাকায় চিঠি পোষ্ট করার জন্য শহরে যেতে হয়। এমনকি কলেজে প্রাথমিক কোন চিকিৎসা কেন্দ্র না থাকায় ছাত্রদের ভীষণ অসুবিধা ভোগ করতে হচ্ছে। ভর্তি হওয়ার ৬/৭ মাস পরও আমরা আমাদের পরিচয়পত্র পর্যন্ত পেলাম না যা দিয়ে আমরা বাইরে একজন ছাত্র হিসাবে দাবী করতে পারি। সর্বোপরি এখানে যারা প্রভাষক/প্রভাষিকা হয়ে এসেছেন তাদেরও শিক্ষকতার প্রাথমিক হাতে খড়ি এখানেই। এখানে কয়েকজন সিনিয়র শিক্ষকের নিয়োগ আশু প্রয়োজন।

তাই এ ব্যাপারে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অনুরোধ, অবিলম্বে সিনিয়র শিক্ষক নিয়োগ সহ উপরিউক্ত সমস্যাবলী সমাধান কল্পে এগিয়ে আসুন। উচ্চশিক্ষার মানকে উন্নত করুন, আমাদেরকে যোগ্য কৃষিবিদ হিসেবে গড়ে তোলার সুযোগ দিন।

--ইয়াসিনুর রহমান (ইনু)
হাজী মো: দানেশ কৃষি কলেজ
৩০৩/আবাসিক হল
দিনাজপুর